তারিখ ... 6 JUN 2017
পৃষ্ঠা ২...০... কলাম ...২...

দৈনিক ইত্তেফাক

# ১২ লাখ ৫০ হাজার শিক্ষার্থী নির্বাচিত

## একাদশ শ্রেণিতে ভর্তির তালিকা প্রকাশ

■ নিজামুল হক

### ২৮০ কলেজ কোনো শিক্ষার্থী পায়নি

একাদশ শ্রেণিতে ভর্তির প্রথম মেধা তালিকা প্রকাশ করা হয়েছে। প্রথমধাপে ১৩ লাখ ৯ হাজার আবেদনকারীর মধ্যে ভর্তির জন্য ১২ লাখ ৪৯ হাজার ৮৪৮ জনকে নির্বাচিত করা হয়েছে। তবে জিপিএ-৫ পেয়েও ৬ হাজার ৯৪৬ শিক্ষার্থী কোনো কলেজে ভর্তির জন্য নির্বাচিত হতে পারেনি। সব গ্রেড মিলিয়ে এ সংখ্যা ৬১ হাজার ৯৯ শিক্ষার্থী।

রবিবার মধ্যরাতে এ ফল প্রকাশের পরে শিক্ষার্থীদের এসএমএস পাঠিয়ে সিকিউরিটি কোডসহ ফল জানিয়ে দেওয়া হয়েছে। কলেজ ভর্তির সংশ্লিষ্ট ওয়েবসাইটেও (www.xiclassadmission.gov.bd) পাওয়া যাচ্ছে ভর্তির ফল। প্রথম ফলে নির্বাচিত শিক্ষার্থীদের ৬ থেকে ৮ জুন পর্যন্ত এসএমএসের মাধ্যমে ১৮৫ টাকা ফি'র বিনিময়ে কলেজ নিশ্চয়ন করতে হবে।

প্রথম তালিকায় যাদের নাম নেই তাদেরকে দ্বিতীয় পর্যায়ের ফল প্রকাশ পর্যন্ত অপেক্ষা পৃষ্ঠা ১৫ কলাম ৪

## ১২ লাখ ৫০ হাজার

২০ পৃষ্ঠার পর

করতে হবে। এই ফল প্রকাশ হবে ১৩ জুন। এ সময়ের মধ্যে নির্বাচত না হওয়া শিক্ষার্থীরা তাদের পছন্দক্রম সংশোধন করতে পারবে। যারা ভর্তির আবেদনই করেনি তারাও আবেদন করতে পারবে।

তথ্য অনুযায়ী, ২৮০টি কলেজ কোনো শিক্ষার্থী পায়নি। শিক্ষার্থীদের কাছে অপরিচিত এমন কলেজ বা নতুন অনুমোদন পাওয়া কলেজ হওয়া এসব কলেজ শিক্ষার্থী বঞ্চিত হয়েছে।

যারা প্রথম ফলে কলেজ পাবেন তাদের অবশ্যই কলেজে ভর্তির জন্য নিশ্চয়ন করতে হবে। এরপর মাইগ্রেশনের আবেদন এবং নতুন আবেদন করা যাবে ৯ থেকে ১০ জুন। ১৩ জুন দ্বিতীয় পর্যায়ের ফল দেওয়া হবে। তাদের ১৪ ও ১৫ জুন কলেজ নিশ্চয়ন করতে হবে। এরপর আবার মাইগ্রেশন ও নতুন আবেদন করা যাবে ১৬ ও ১৭ জুন। তৃতীয় পর্যায়ে ফল প্রকাশ করা হবে ১৮ জুন।

গত ৯ মে থেকে ২৬ মে পর্যন্ত চলে অনলাইন ও মোবাইলে এসএমএস পাঠিয়ে আবেদন প্রক্রিয়া। ৩০ মে পুনঃনিরীক্ষণে ফল পরিবর্তন হওয়া শিক্ষার্থীরা ৩০ ও ৩১ তারিখ ভর্তির আবেদন করার সুযোগ পান।

একাদশ শ্রেণিতে ভর্তির জন্য সারাদেশে ৯ হাজার ৮৩টি কলেজে আবেদন পড়েছে প্রায় ৭২ লাখ। এর মধ্যে ২৬ লাখ ৪১ হাজার ২৯০টি আবেদন জমা পড়ে দেশের শীর্ষ ১০০টি কলেজে। এসব কলেজে মোট আবেদনের ৩৭ শতাংশ আবেদন জমা পড়েছে। এই ১০০ কলেজের মধ্যে রয়েছে ১০ শিক্ষাবোর্ডের শীর্ষ ১০টি করে কলেজ।

শিক্ষার্থীদের আবেদনের ভিত্তিতে চাহিদার শীর্ষে থাকা ১০টি কলেজের মধ্যে ঢাকার রাজউক উত্তরা মডেল কলেজে এবার সবচেয়ে বেশি আবেদন পড়ে। কলেজটিতে ৪২ হাজার ৬৪৫টি আবেদন হয়। এ কলেজে আসন এক হাজার ৬৩৮টি।

দ্বিতীয় ও তৃতীয় স্থানে যথাক্রমে ঢাকা সিটি কলেজ ও সরকারি বাংলা কলেজ। সিটি কলেজে তিন হাজার ৪৫০টি আসনের বিপরীতে আবেদন পড়ে ৩৯ হাজার ৩১৬টি। বাংলা কলেজে এক হাজার ৭০০ আসনের বিপরীতে ৩৯ হাজার ৫২টি আবেদন পড়ে।